

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কামারখন্দ, সিরাজগঞ্জ।

স্মারক নং : ০৫.৪৩.৮৮৪৪.০০২.৩৪.০০১.১৮- ১০৭

তারিখ ২০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারী ২০২২খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ মোতাবেক সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডসমূহে মহল্লাদার এর গুণ্য পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তানুসারে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :-

ক্র.ন.	ইউনিয়ন পরিষদের নাম	পদের নাম	গুণ্য পদের সংখ্যা	গুণ্য পদের ওয়ার্ড নম্বর	নিয়োগ পদ্ধতি
১	ভদ্রঘাট	মহল্লাদার	০১	০৬	সরাসরি নিয়োগের মাধ্যমে
২	জামতৈল	মহল্লাদার	০৩	০১,০৩ ও ০৫	
৩	রায়দৌলতপুর	মহল্লাদার	০২	০৩ ও ০৯	

আবেদনের শর্তাবলী :-

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলায় ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে) (ছ) বয়স (২৪/০২/২০২২খ্রিঃ তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ আবেদনপত্র প্রার্থীকে স্বহস্তে অথবা কম্পিউটারে কম্পোজ করে লিখতে হবে।
- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে : (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি।
(খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)
(গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।
- মহিলা প্রার্থীর ক্ষেত্রে : (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট।
(খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)
(গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- আবেদনকারীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যাদের পুত্র/কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর হতে হবে। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৪ / ০২/২০২২খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) আবেদনপত্র পৌছাতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। খামের উপর মোটা অক্ষরে ইউনিয়নের নাম , ওয়ার্ড নম্বর, পদের নাম এবং কোটার নাম (যদি থাকে) লিখতে হবে।
- আবেদনপত্রের সাথে ৩ কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, ভোটার আইডি কার্ড, জন্মনিবন্ধনের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- নিয়োগকৃত মহল্লাদার সরকারি বিধি মোতাবেক বেতন ভাতা প্রাপ্য হবেন।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
- মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার মেধাক্রম, শারীরিক ও মানসিক যোগ্যতাসহ সরকার নির্ধারিত বিভিন্ন কোটা পদ্ধতি যতদূর সম্ভব অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি ও মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখ করে নিজ ইউপি চেয়ারম্যানের প্রত্যয়নপত্র এবং অন্যান্য কোটায় নিয়োগে ইচ্ছুক প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হলে মৃত ও অবসরপ্রাপ্ত মহল্লাদারদের পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষাদের অগ্রাধিকার দেওয়া হবে।

পাতা নং-২

১৪। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ/বাছাইয়ে অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-
(মোছত মেরিনা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
কামারখন্দ, সিরাজগঞ্জ।

তারিখ ২০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারী ২০২২খ্রি.

স্মারক নং- ০৫.৪৩.৮৮৪৪.০০২.৩৪.০০১.১৮-৩০৭(৫০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৪। উপজেলাঅফিসার (সকল), কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৫। অফিসার ইনচার্জ, কামারখন্দ থানা, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৬। চেয়ারম্যান, ভদ্রঘাট/ঝাএল/জামতৈল/রায়দৌলতপুর ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডে গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাইউনিয়ন ভূমি অফিস, কামারখন্দ, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তি হাটবাজার ও জনগুরুত্বপূর্ণ এলাকায় বহুল প্রচারের জন্য)
- ৮। সহকারী প্রোগামার, কামারখন্দ, সিরাজগঞ্জ তাকে বিজ্ঞপ্তি উপজেলা তথ্য বাতায়ন ও সকল ইউনিয়ন তথ্য বাতায়নে/ওয়েব সাইটে মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।।
- ৯। সচিব.....ইউনিয়ন পরিষদ (সকল), কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ১০। নোটিশ বোর্ড।


৩/২/২২

উপজেলা নির্বাহী অফিসার
কামারখন্দ, সিরাজগঞ্জ।